

“ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট পাবনা জেলার, সুজানগর পৌরসভার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ ও খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৯/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ নং পরিপত্রের অনুবৃত্তিক্রম মোতাবেক সুজানগর পৌরসভায় শ্রমঘন এলাকায় খোলা বাজারে সুলভ মূল্যে চাল ও আটা বিক্রয়ের জন্য ওএমএস ডিলার নিয়োগ করা হবে। সুজানগর পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবসকারী যে কোনো আগ্রহী ব্যক্তি আগামী ১২/১১/২০২৪ তারিখের মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুজানগর, পাবনা এ অফিস চালাকালীন সময়ে আবেদনপত্র জমা দিতে পাববেন। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র জমা নেওয়া হবে না।

ক্রমিক	ওয়ার্ড নং	বিক্রয়কেন্দ্র
১	১	কুঠিপাড়া মোড়
২	২	জেৎস্য়ার মোড়
৩	৩,৪	উপজেলা মোড়
৪	৫,৬	অডিটোরিয়াম মোড়
৫	৭	আলীর মোড়
৬	৮,৯	মানিকদির ঈদগাঁহ মাঠ

- শর্তসমূহঃ-
- ক. বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্কে সুজানগর পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
- খ. আবেদনকারীকে সুজানগর পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- গ. খাদ্যশস্যের হালনাগাদ লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- ঘ. আবেদনকারীকে কমপক্ষে ০৩ মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- ঙ. আবেদনকারীর যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই কেন্দ্রের স্থান/নাম উল্লেখ করতে হবে এবং একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে এবং মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- চ. নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে/দোকানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ছ. খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- জ. খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ঝ. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ঞ. কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
- ট. ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে সংশ্লিষ্ট এ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ঠ. খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০২৪ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।
- ড. ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)। ট্রেজারি চালানের মূলকপি প্রদর্শন এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুজানগর, পাবনা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। চালানের টাকা কোড নং-১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯-“অন্যান্য আদায়” খাতে জমা দিতে হবে। চালানের মূলকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ঢ. ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তর যোগ্য নয়।
- ণ. ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃকপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রঃ-

- (১) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (২) ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি (৩) ট্রেড লাইসেন্স এর ফটোকপি (৪) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (৫) দোকানের মালিকানা/ভাড়াসংক্রান্ত কাগজপত্র (নিজের হলে দলিলপত্র, ভাড়া হলে চুক্তিপত্র দিতে হবে) ফটোকপি (৬) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (৭) নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি (৮) অঙ্গীকারনামা।

Mst. Ali  
মোঃ নূহ আলী ২৯/১০/২৪  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(চ.দা)  
সুজানগর, পাবনা